

Subject Bengali
2nd language
Worksheet
Class-7

পদপরিবর্তন/পদান্তর।

বিষয়বস্তুর ব্যাখ্যা:

পদ পরিবর্তন কি?

বাক্যে বিশেষ্য, বিশেষণ ইত্যাদি পদ থাকে। বিশেষ্য পদ থেকে বিশেষণ পদ এবং বিশেষণ পদ থেকে বিশেষ্য পদে পরিবর্তন করাকে পদান্তর বা পদ পরিবর্তন বলে।

অব্যয় পদের কোন পরিবর্তন হয় না। আর ক্রিয়াপদ তো কোন কাজ করা বা হওয়া কে বোঝায় তাই শুধুমাত্র বিশেষ্য ও বিশেষণ পদের পদ পরিবর্তন হয়।

উদাহরণ: সমাজ এবং সামাজিক এই দুটি পথ লক্ষ্য করো, সমাজ হলো বিশেষ্য পদ আর সামাজিক বিশেষণ পদ বিশেষণ পদ সাধারণত বিশেষ্যের দোষ গুণ অবস্থা ইত্যাদি প্রকাশ করে এইভাবে বাংলার অনেক বিশেষ্য পদ থেকে বিশেষণ পদ এবং বিশেষণ থেকে বিশেষ্য পদ গঠন করা যায়।

পদ পরিবর্তন এর কিছু নমুনা দেওয়া হলো।

(বিশেষ্যপদ থেকে- বিশেষণপদ)

| বিশেষ্য | বিশেষণ |
|---------|----------|
| অংশ | আংশিক। |
| গ্রাম | গ্রাম্য। |
| ঘুম | ঘুমন্ত। |
| দিন | দৈনিক। |
| জগৎ | জাগতিক। |
| ঘর | ঘরোয়া। |
| জল | জলীয়। |
| আঘাত | আহত। |
| পৃথিবী | পার্শ্ব। |
| শরৎ | শারদীয়। |
| ফুল | ফুলেল। |
| সূর্য | সৌর। |

(বিশেষণপদ থেকে- বিশেষ্যপদ)

| বিশেষণ | বিশেষ্য |
|--------|------------|
| অলস | আলস্য। |
| অতিশয় | আতিশয়্য। |
| প্রচুর | প্রাচুর্য। |

| | |
|--------|----------|
| ভদ্র | ভদ্রতা। |
| শিশু | শৈশব। |
| দীর্ঘ | দৈর্ঘ্য। |
| সভ্য | সভ্যতা। |
| খ্যাত | খ্যাতি। |
| উত্তম | উত্তাপ। |
| গেছো | গাছ। |
| পাথুরে | পাথর। |

এছাড়াও আরো অনেক বিশেষ্য পদ থেকে বিশেষণ পদ এবং বিশেষণ পদ থেকে বিশেষ্য পদ পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনগুলি কেই পদান্তর বলা হয়। যে কোনো ব্যাকরণ বই থেকে অথবা আমাদের পাঠ্য গল্প ও কবিতার অনুশীলনী- গুলিতে পদ পরিবর্তন গুলি লক্ষ্য কর।
নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ১) পদ পরিবর্তন অথবা পদান্তর কাকে বলে?
- ২) যে কোনো দুটি পদ পরিবর্তনের উদাহরণ লেখ।
- ৩) কোন কোন পদের পরিবর্তন হয় না?
- ৪) কোন কোন পদের পরিবর্তন হয়?
- ৫) বিশেষ্য থেকে বিশেষণ পদের যে কোন চারটি পদান্তর লেখ।

৬) বিশেষণ পদ থেকে বিশেষ্য পদের যে কোন চারটি
পদান্তর লেখ।

(শুধুমাত্র পার্শ্ব বইয়ের গল্প ও কবিতার পদ
পরিবর্তন/পদান্তর গুলি করতে হবে। এবং নমুনা গুলি
পড়তে পারো।)